



বেতগাড়ী উচ্চ বিদ্যালয়

গংগাচড়া, রংপুর
স্থাপিত : ১৯৮৩ খ্রি.

EIN : 127250 ; MPO ID: 9102021303 ; Email : betgarihighschool1983@gmail.com Mobile : 01718703867


স্মারকনং : বেউবি/গংগা/রং/২০২৫/কমিটি(দাতা)

তারিখ : ১১/০৯/২০২৫ খ্রিষ্টাব্দ

বিজ্ঞপ্তি

তারিখ : ১১/০৯/২০২৫ খ্রি.

এতদ্বারা বেতগাড়ী উচ্চ বিদ্যালয়ের সকল ছাত্র-ছাত্রীদের সম্মানিত অভিভাবক, গণ্যমান্য ব্যক্তিবর্গ, স্থানীয় জনপ্রতিনিধি, সমাজসেবক, গণমাধ্যমকর্মীসহ সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, বেতগাড়ী উচ্চ বিদ্যালয়ের নিয়মিত ম্যানেজিং কমিটি গঠনের লক্ষ্যে দাতা সদস্য নির্বাচন করা হইবে। ম্যানেজিং কমিটির গঠন কাঠামো অনুযায়ী দুই বৎসর বা ০১ টার্ম মেয়াদের জন্য ৫০,০০০.০০ (পঞ্চাশ হাজার টাকা) এবং আজীবন মেয়াদের জন্য ৩,০০০০০.০০ (তিন লক্ষ টাকা) প্রতিষ্ঠানের অনুকূলে জমাদান স্বাপেক্ষে দাতা সদস্য পদে প্রতিদ্বন্দিতা করা যাবে। আগ্রহী ব্যক্তিগণ জনতা ব্যাংক পিএলসি, বেতগাড়ী শাখা, গংগাচড়া, রংপুর এর বেতগাড়ী উচ্চ বিদ্যালয় নামীয় হিসাব নং ০১০০০৪৪৩৫৬৫৫৯ এর অনুকূলে পে-অর্ডার বিজ্ঞপ্তি প্রকাশের ১৫ (পনের) দিনের মধ্যে জমাদান পূর্বক জমা স্লীপ নিম্ন স্বাক্ষরকারীর নিকট প্রদান করে দাতা হিসেবে অত্র প্রতিষ্ঠানে তালিকা ভুক্ত হওয়ার জন্য বলা হইল।


১১/০৯/২০২৫
(মোঃ ফখরুল বারী)

প্রধান শিক্ষক
বেতগাড়ী উচ্চ বিদ্যালয়
গংগাচড়া, রংপুর

মোঃ ফখরুল বারী
প্রধান শিক্ষক
বেতগাড়ী উচ্চ বিদ্যালয়
গংগাচড়া, রংপুর



বেতগাড়ী উচ্চ বিদ্যালয়

গংগাচড়া, রংপুর
স্থাপিত : ১৯৮৩ খ্রি.

EIIN : 127250 ; MPO ID: 9102021303 ; Email : betgarihighschool1983@gmail.com Mobile : 01718703867

স্মারকনং : বেউবি/গংগা/রং/২০২৫/কমিটি(স্বাক্ষর)/১


তারিখ : ১১/০৯/২০২৫ খ্রিষ্টাব্দ

বিজ্ঞপ্তি

তারিখ : ১১/০৯/২০২৫ খ্রি.

এতদ্বারা বেতগাড়ী উচ্চ বিদ্যালয়ের সকল ছাত্র-ছাত্রীদের সম্মানিত অভিভাবক, গণ্যমান্য ব্যক্তিবর্গ, স্থানীয় জনপ্রতিনিধি, সমাজসেবক, গণমাধ্যমকর্মীসহ সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, বেতগাড়ী উচ্চ বিদ্যালয়ের নিয়মিত ম্যানেজিং কমিটি গঠনের লক্ষ্যে

- (১) প্রতিষ্ঠানে নিয়মিত অধ্যয়নরত ছাত্র/ছাত্রীর সম্মানিত অভিভাবকগণ নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতার মাধ্যমে অভিভাবক সদস্য নির্বাচিত হতে পারবেন।
- (২) আগামী ৩০/০৯/২০২৫ খ্রি. তারিখের মধ্যে খসড়া ভোটার তালিকা প্রকাশ করা হবে এবং ১০/১০/২০২৫ খ্রি. তারিখের মধ্যে চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করা হবে।
- (৩) ৬ষ্ঠ হতে ৯ম শ্রেণির শিক্ষার্থীর অভিভাবকগণ অভিভাবক সদস্য পদে প্রার্থী হতে পারবেন এবং ৬ষ্ঠ হতে ১০ম শ্রেণির শিক্ষার্থীর অভিভাবকগণ ভোটার হতে পারবেন।
- (৪) উক্ত সময়সীমার পরে কোন অভিযোগ ও আপত্তি গ্রহণযোগ্য হবেনা।


১১/০৯/২০২৫
(মোঃ ফখরুল বারী)

প্রধান শিক্ষক
বেতগাড়ী উচ্চ বিদ্যালয়
গংগাচড়া, রংপুর

মোঃ ফখরুল বারী
11092025
প্রধান শিক্ষক
বেতগাড়ী উচ্চ বিদ্যালয়
গংগাচড়া, রংপুর।

পরিপত্র

বিষয়: মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকাসহ অন্যান্য বোর্ডের (নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা স্তরের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের গভর্নিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা, ২০২৪ (সংশোধনীসহ) অনুযায়ী এডহক কমিটি ও নিয়মিত কমিটি গঠন সংক্রান্ত।

বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকাসহ অন্যান্য বোর্ডের (নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা স্তরের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের গভর্নিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা, ২০২৪ (৩১ আগস্ট ২০২৪ তারিখের সংশোধনী) এর ঢাকা শিক্ষা বোর্ডের ক্ষেত্রে ৭৫(২) এবং অন্যান্য শিক্ষা বোর্ডের ক্ষেত্রে ৭৪(২) প্রবিধি অনুযায়ী বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের এডহক কমিটি/নিয়মিত কমিটি গঠনের ক্ষেত্রে শিক্ষা বোর্ডসমূহকে নিম্নরূপ নির্দেশনা প্রদান করা হলো:

- (ক) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের গত ১৮/১১/২০২৪ তারিখের ৩৭.০০.০০০০.০৭২.১৮.০০৩.২৪.২২৪ সংখ্যক প্রজ্ঞাপনমূলে যে সকল বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে গঠিত এডহক কমিটির মেয়াদ শেষ হয়েছে অথবা চলমান রয়েছে সে সকল শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকাসহ সকল শিক্ষা বোর্ডের (নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা স্তরের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের গভর্নিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা, ২০২৪ (সংশোধনীসহ) অনুযায়ী ৩০/১১/২০২৪ তারিখের মধ্যে আবশ্যিকভাবে নিয়মিত কমিটি গঠন করতে হবে।
- (খ) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের গত ১৮/১১/২০২৪ তারিখের ৩৭.০০.০০০০.০৭২.১৮.০০৩.২৪.২২৪ সংখ্যক প্রজ্ঞাপনমূলে যে সকল শিক্ষা প্রতিষ্ঠানে এখনো এডহক কমিটি গঠন হয়নি, উক্ত প্রবিধানমালা ২০২৪ (সংশোধনীসহ) মোতাবেক আগামী ১৫ (পনের) দিনের মধ্যে এডহক কমিটি গঠন করত: ৩০/১১/২০২৪ তারিখের মধ্যে নিয়মিত কমিটি গঠন করতে হবে।
- (গ) সকল এডহক কমিটি ০১/১২/২০২৪ তারিখ হতে বিলুপ্ত হবে।
- (ঘ) কমিটি গঠনে ব্যর্থতার ক্ষেত্রে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান দায়ী থাকবেন এবং বিধিমতে ব্যবস্থাদির আওতায় আসবেন।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।


০৮.০৯.২৪

(সাহিদেদ এ. জে. মোরশেদ আলী)

উপসচিব

ফোন: ৯৫৪৫০৩২

nongovt.secondary.sec1@shed.gov.bd